

ভিত্তিপ্রস্তর স্থাপন

এমসি কলেজ ছাত্রাবাস পুরনো আদলেই নির্মাণ : অর্থমন্ত্রী

• দোষীদের বিচার করা হবে : শিক্ষামন্ত্রী

প্রতিনিধি সিলেট

অর্থমন্ত্রী আবুল মালু আবদুল মুহিত বলেছেন, আগামী ছয় মাসের মধ্যে এমসি কলেজ ছাত্রাবাস নির্মিত হবে এবং তা হবে পুরনো আদলেই। এই ছাত্রাবাসের কাজ সম্পন্ন হওয়ার পর মহিলা ছাত্রাবাসসহ আরও দুটি ছাত্রাবাস নির্মাণ করা হবে। তাছাড়া অগ্নিসংযোগকারী দুর্ভাগ্যের বিচারের কাঠগড়ায় দাঁড় করাণো হবে। গতকাল দুপুরে দুর্ভাগ্যের দেয়া আঙনে ভঙ্গীকৃত এমসি কলেজ ছাত্রাবাসের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, ঐতিহ্যগত সিক থেকে অতীতে কলেজ পর্যায়ে শিক্ষাক্ষেত্রে এমসি কলেজ সারাবিধের মধ্যে পঞ্চম স্থানে ছিল। কিন্তু দুর্ভাগ্যের ফলে ছাত্রাবাস ভঙ্গীকৃত হওয়ার ঘটনায় কলেজের জন্য একটি কলঙ্কজনক অধ্যায় রচিত হয়েছে। ভবিষ্যতে যাতে কেউ এ ধরনের ঘৃণিত কাজ না করতে পারে সে জন্য ওইসব দুর্ভাগ্যের চিহ্নিত করে বিচারের আওতায় নিয়ে আসা হবে। শিক্ষাক্ষেত্রে উন্নয়নের ব্যাপারে তিনি বলেন, বর্তমানে সিলেট শিক্ষা বোর্ড অভূতপূর্ব সাক্ষ্য অর্জন করেছে। এর কারণ ব্যাখ্যা দিতে গিয়ে তিনি বলেন, ইতোপূর্বে পাঁচ হাজার শিক্ষককে বিদেশ থেকে উন্নত প্রশিক্ষণ দিয়ে নিয়ে আসায় তা সম্ভব হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে।

এমসি : পৃষ্ঠা : ২ ক : ৪

এমসি : কলেজ

(১৬ পৃষ্ঠার পর)

বলে তিনি জানান। এমসি কলেজের অধ্যক্ষ ধীরেশ চন্দ্র সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট সিটি করপোরেশনের মেয়র বদর উদ্দিন আহমদ কামরান, আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক মিসবাহ উদ্দিন নিরাজ, সিলেট জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক আবদুল জহির চৌধুরী সুফিয়ান, সংসদ সদস্য জেবুনেছা হক, সিলেট জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পঞ্জিকুর রহমান চৌধুরী এমপি, সিলেটের পুলিশ কমিশনার আব্দুল ডুব্বা বড়ুয়া, সিলেটের জেলা প্রশাসক বান মো. বিলাল। এমসি কলেজের অধ্যাপক শামীমা চৌধুরী ও রাজতকান্তি সোমের যৌথ পরিচালনার অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কলেজের অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক আবদুল কুদ্দুস ও শিক্ষা অধিদফতরের হকৌশলী আবদুল্লাহ হীদ আলম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী আরও বলেন, শতবর্ষের ঐতিহ্যবাহী এমসি কলেজ ছাত্রাবাস যারা পুড়িয়েছে তাদের প্রতি সম্মত জাতি ঘৃণা প্রদর্শন করে যাবে। আদিও ব্যক্তিগতভাবে তাদের প্রতি ঘৃণা ও ক্ষোভ প্রকাশ করছি।